

জাতীয় ক্রীড়া ভাতা অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের সদস্যদের জাতীয় ক্রীড়াভাতা প্রদানে অনলাইন আবেদনের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

sports-allowance.onilne.info.bd লিংকে প্রবেশ করে নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনের মাধ্যমে আবেদন করা যাবে।

শর্তাবলী

- আবেদনকারীকে অসচ্ছল, অসমর্থ, প্রাক্তন ও বয়স্ক ক্রীড়াবিদ হতে হবে;
- আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনপত্র সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- আবেদনকারীর নিজস্ব হিসাব নম্বর, ব্যাংক শাখার রাউটিং নম্বর এবং ব্যাংক চেক-এর একটি পাতা বা ব্যাংক স্টেটমেন্ট সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- ইউনিয়ন পরিষদ অথবা সিটি কর্পোরেশন কর্তৃক বাৎসরিক আয়ের প্রত্যয়ন পত্র সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- ক্রীড়া সম্পৃক্ততার সনদ (ফেডারেশন/ বিভাগীয় ক্রীড়া সংস্থা/ জেলা ক্রীড়া সংস্থা/ ক্রীড়া ক্ষেত্রে সফলতার সনদ) সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- মৃত ক্রীড়াসেবীর ক্ষেত্রে মৃত্যুসনদ ও ওয়ারিশ সনদ সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- সকল ধরনের সনদ ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে;
- ক্রীড়া ভাতা প্রদানের সকল কার্যক্রম ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উপরিউক্ত শর্তসমূহ সঠিকভাবে অনুসরণ করে আগামী ০৬/০২/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৭/০৩/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ওয়েবসাইট : bkkf.portal.gov.bd, টেলিফোন নম্বর : ০২-২২৩৩৫৩৫৭০-৭১
জাতীয় ক্রীড়া পরিষদ, পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

ক্রীড়া শিক্ষা বৃত্তি অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে কৃতি ক্রীড়া শিক্ষার্থীদের ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানে অনলাইন আবেদনের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

sports-edu.onilne.info.bd লিংকে প্রবেশ করে নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনের মাধ্যমে আবেদন করা যাবে।

শর্তাবলী

- আবেদনকারীকে অবশ্যই পঞ্চম শ্রেণি হতে স্নাতকোত্তর পর্যায়ের অধ্যয়নরত ক্রীড়াবিদ হতে হবে;
- আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনপত্র এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্র সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- আবেদনকারীর নিজস্ব হিসাব নম্বর, ব্যাংক শাখার রাউটিং নম্বর এবং ব্যাংক চেক-এর একটি পাতা বা ব্যাংক স্টেটমেন্ট সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- ক্রীড়া সম্পৃক্ততার সনদ সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- অধ্যয়নরত প্রতিষ্ঠানের পরিচয়পত্র সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
- সকল ধরনের সনদ ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে;
- ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের সকল কার্যক্রম ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উপরিউক্ত শর্তসমূহ সঠিকভাবে অনুসরণ করে আগামী ০৬/০২/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৭/০৩/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ওয়েবসাইট : bkkf.portal.gov.bd, টেলিফোন নম্বর : ০২-২২৩৩৫৩৫৭০-৭১

জাতীয় ক্রীড়া পরিষদ, পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।